PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–403

(সাহিত্যতত্ত্ব—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। পাঠ্যগ্রন্থ ছাড়া বুদ্ধদেব বসুর রবীন্দ্র-বিষয়ক দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। 'বাংলা ছন্দ' প্রবন্ধানুসরণে বাংলা ছন্দের 'মাধুর্যমণ্ডিত বিচিত্রতা' সৃষ্টিতে রবীন্দ্রনাথের অবদান বিষয়ে আলোকপাত করো। ২+১২=১৪

২। আধুনিক সংবাদপত্রের তিনটি অংশ কী কী? ''সাহিত্য আর সাংবাদিকতা ভিন্ন ভিন্ন জগতের, জীবনের বিভিন্ন মহলের অধিবাসী।'' এই মন্তব্যের আলোকে শিল্পকলার লক্ষ্য এবং সেই লক্ষ্যে পৌঁছানোর উপায় বিষয়ে আলোচনা করো। ৩+১১=১৪

খ—গুচ্ছ

৩। একজন করে প্রাচ্য ও পাশ্চাত্য শিল্পতাত্ত্বিকের নাম লেখো। বিমলকুমার মুখোপাধ্যায়ের অনুসরণে শিল্প (art)-এর সংজ্ঞা, স্বরূপ এবং ইতিহাস বিষয়ে একটি নিবন্ধ প্রস্তুত করো। ২+১২=১৪

৪। দুজন অস্তিত্ববাদী দার্শনিকের নাম লেখো। সমাজ ও সাহিত্যে অস্তিত্ববাদী ভাবনার প্রয়োগ কীভাবে ঘটেছে, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। দেবেশ রায়ের দুটি বৃত্তান্তমূলক উপন্যাসের নাম লেখো। ''উনিশ ও বিশ শতকের আধুনিকতাকে আমরা বুঝে নিতে চেয়েছি ইউরোপীয় আধুনিকতার নানা উদাহরণের সঙ্গে মিলিয়ে।'' তোমার পাঠ অভিজ্ঞতার আলোকে বিষয়টি স্পষ্ট করো। ২+১২=১৪

৬। পাঠ্যগ্রন্থটি ছাড়া দেবেশ রায়ের উপন্যাস-বিষয়ক একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। বঙ্কিমচন্দ্রের কাছ থেকে উপন্যাসের যে ধারণা আমরা পেয়েছি, বাংলা উপন্যাস দীর্ঘকাল ধরে সেই ধারণাকেই লালন করে গেছে। উপন্যাসের বাস্তবতা, কাহিনি-নির্মাণ, চরিত্রসৃজন সব ক্ষেত্রে ইউরোপের অন্ধ অনুকরণ বাংলা উপন্যাসকে ক্ষতিগ্রস্ত করেছে। —এই অভিমত কতদূর গ্রাহ্য, আলোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। 'Postmodern' শব্দটি কে প্রথম ব্যবহার করেছিলেন? 'Madness and Civilization' গ্রন্থটি কার লেখা? ক্লদ লেভিস্ট্রার্ডস উদ্ভাবিত সূত্রটির উল্লেখ করে তোমার পঠিত যে কোনো একটি পাঠকৃতি বিশ্লেষণে সূত্রটি প্রয়োগ করো। ১+১+১২=১৪

৮। 'Marxism and Deconstruction' বইটি কার লেখা? বিনির্মাণবাদী তত্ত্বচিন্তায় উল্লেখনীয় অবদান রেখেছেন, এমন দু'জন তাত্ত্বিকের নাম লেখো। ''বিনির্মাণবাদ যেহেতু কোনো ধরনের অভিভাবকত্ব মেনে নেয় না, অন্বিষ্ট পাঠকৃতিকে তাই স্বচ্ছন্দে ভাঙতে পারে। আসলে নিরন্তর অন্তর্ঘাতের মধ্য দিয়ে নতুন নতুন তাৎপর্য আবিষ্কারের প্রক্রিয়ায় তা পাঠকৃতির সজীবতা ও অভিনবত্বকে বাঁচিয়ে রাখে।'' মন্তব্যটি বিশ্লেষণ করো।

১+২+১১=১৪

ঙ—গুচ্ছ

৯। 'Illusion and Reality' এবং 'The Meaning of Contemporary Realism' গ্রন্থদুটির লেখকদের নাম লেখো। মার্কসীয় সাহিত্যবীক্ষার মূলসূত্রগুলি সংক্ষেপে আলোচনা করো। ২+১২=১৪

১০। 'Orientalism' এবং 'The Wretched of the Earth' গ্রন্থদুটির লেখকের নাম লেখো। ''সমসত্ততার ধারণাকে প্রত্যাখ্যান করে সংস্কৃতির বহুত্বকে মান্যতা দেয় উপনিবেশোত্তরবাদ। উপনিবেশোত্তর মনন তাই আধিপত্যবাদের বিরোধিতা করে প্রান্তিকায়িত পরিসরের প্রতিস্পর্ধী উচ্চারণগুলিকে তুলে ধরে।'' মন্তব্যটি পর্যালোচনা করো।

২+১২=১৪

★★★